

১৬.৩.১.৪ ইনফ্লিবনেট (INFLIBNET) প্রতিষ্ঠা

তথ্য বিস্ফোরণ ও মূল্যবৃদ্ধির দ্বিমুখী আক্রমণের কথা মাথায় রেখে, UGC ১৯৯১ সালের এপ্রিল মাসে এক 'Inter-Agency Working Group for Development of Information and Library Network' যা INFLIBNET নামে পরিচিত এবং যার মুখ্য কার্যালয় আমেদাবাদে। বিশ্ববিদ্যালয়ে, মর্যাদাপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়, জাতীয় স্তরে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান, UGC তথ্যকেন্দ্র, গবেষণা সংস্থা ও কলেজগুলির গ্রন্থাগার এবং তথ্যকেন্দ্রগুলির মধ্যে যোগাযোগ স্থাপনের জন্য INFLIBNET একটি কমপিউটার যোগাযোগ নেটওয়ার্ক।

১৬.৩.১.৫ বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারগুলির আধুনিকীকরণ

তথ্যপ্রযুক্তির বিকাশ ও তার ফলে ব্যবহারকারীদের কাছে দ্রুত তথ্য পরিষেবা পৌঁছে দেওয়ার সুবিধা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারগুলিকে তাদের কাজকর্ম কমপিউটারভিত্তিক করে তুলতে এবং INFLIBNET-এর মতো বিভিন্ন নেটওয়ার্কের মাধ্যমে পরস্পরের সঙ্গে যোগাযোগ স্থাপন করতে অনুপ্রাণিত করে। গ্রন্থাগার ব্যবস্থার আধুনিকীকরণের উদ্দেশ্যে ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে UGC কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলিকে দু কোটি টাকা এবং স্বাধীনতার পূর্বে স্থাপিত বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারগুলিকে পঞ্চাশ লক্ষ টাকা সাহায্য করে। এর মুখ্য উদ্দেশ্য ছিল গ্রন্থাগারের কাজকর্মে কমপিউটার ব্যবহার প্রচলন করা ও INFLIBNET কর্মসূচীতে অংশগ্রহণ করা।

১৬.৩.১.৬ জাতীয় পর্যালোচনা সমিতি (National Review Committee)

কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলি এবং কয়েকটি রাজ্য বিশ্ববিদ্যালয়কে প্রদত্ত অনুদান কীভাবে ব্যবহৃত হচ্ছে, তা পর্যালোচনা করার উদ্দেশ্যে এক সমিতি গঠন করা হয়। এই সমিতির দায়িত্ব ভারতে বিশ্ববিদ্যালয় ও কলেজ গ্রন্থাগারগুলির অবস্থা সম্পর্কে এক রিপোর্ট প্রস্তুত করা এবং সেগুলি যাতে স্বচ্ছন্দে কাজ করতে পারে, সেই অনুযায়ী নির্দেশাবলী ও পরিকল্পনা স্থির করা।

উচ্চশিক্ষার মানকে সমন্বিত করা ও বজায় রাখার অঙ্গ হিসাবে UGC গুণমান পরীক্ষা এবং বিশ্ববিদ্যালয় ও কলেজগুলির পর্যাবৃত্ত (periodical) মূল্যায়ন করার অধিকার দিয়ে একটি আন্তঃবিশ্ববিদ্যালয় সংস্থা গঠন করে। National Assessment and Accreditation Council (NAAC) নামের এই সংস্থাটি UGC Act-এর 12DCC ধারা অনুযায়ী ১৯৯৪ সালে স্থাপিত হয়। মূল্যায়ন ও স্বীকৃতি অর্জনের বিষয়গুলি শিক্ষায়তনগুলির স্বৈচ্ছাধীন হলেও UGC ইতিমধ্যেই ইজিত দিয়েছে শিক্ষায়তনগুলিকে তার পরিকল্পনা অনুযায়ী উন্নয়নের জন্য সাহায্য ওই দুটি বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত। স্বীকৃতি অর্জনের প্রক্রিয়ার খরচ মেটাতে UGC ইতিমধ্যেই প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়কে পাঁচ লক্ষ টাকা আর্থিক সহায়তা করেছে। তেমনই UGC-র বার্ষিক অনুদানের অংশ হিসাবে স্বশাসিত কলেজগুলিও তাদের উন্নয়নের জন্য আর্থিক সাহায্য পেয়ে থাকে।

UGC ও Council of Scientific and Industrial Research (CSIR) যুগ্ম প্রচেষ্টায় National Education Testing Programmes প্রতিষ্ঠা করেছে। গুণমানের পরীক্ষা ও স্বীকৃতি দানের একটি জাতীয় স্তরের সংস্থাও UGC স্থাপন করেছে।

১৬.৩.২ Raja Rammohan Roy Library Foundation (RRLF), Kolkata

চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা চলাকালীন ১৯৭২ সালে আধুনিক ভারতে জনক রাজা রামমোহন রায়ের জন্মের (১৭৭২-১৮৩৩) দ্বিশতবার্ষিকী উপলক্ষে ভারত সরকার Raja Rammohan Roy Library Foundation